

## অফিস আদেশ

বিষয় : আটক প্রতিবেদন পণ্য আটকের ৪৮ (আটচল্লিশ) ঘন্টার মধ্যে দাখিলকরণ প্রসংগে।

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, বিমানবন্দরসহ কাস্টম হাউস, ঢাকার আওতাভুক্ত বিভিন্ন ইউনিটে পণ্য আটকের পর যথাসময়ে আটক প্রতিবেদন দাখিল করা হচ্ছে না। উল্লেখ্য The Customs Act, 1969 এর Section-168(2) মোতাবেক পণ্য আটকের দুই মাসের মধ্যে Section 180 অনুসারে অভিযুক্ত ব্যক্তি/প্রতিষ্ঠান বরাবর কারণ দর্শানো নোটিশ ইস্যু করার বাধ্যবাধকতা রয়েছে। কিন্তু অনেক ক্ষেত্রে পণ্য আটকের দীর্ঘদিন পর আটক প্রতিবেদন অভিযুক্ত ব্যক্তির নাম ও পূর্ণ ঠিকানা ব্যতিরেকে দাখিল করায় উল্লিখিত বিধান লংঘিত এবং আটক পণ্য নিষ্পত্তিতে আইনগত জটিলতা সৃষ্টি হচ্ছে। তাই পণ্য আটকের পর কি কারণে পণ্য বাজেয়াপ্তযোগ্য, কোন আইনের কোন কোন ধারা লংঘিত হয়েছে; কোন কোন ধারা বলে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে এবং অভিযুক্ত ব্যক্তির নাম, পাসপোর্ট নং-(যদি থাকে) এবং পূর্ণ ঠিকানা উল্লেখ্য করে বস্তনিষ্ট আটক প্রতিবেদন দ্রুত দাখিল করা আবশ্যিক।

০২। এমতাবস্থায়, বিমানবন্দরসহ কাস্টম হাউস, ঢাকার আওতাভুক্ত বিভিন্ন ইউনিটে পণ্য আটকের ৪৮ (আটচল্লিশ) ঘন্টার মধ্যে বিস্তারিত তথ্য সম্মিলিত আটক প্রতিবেদন সংশ্লিষ্ট ন্যায়-নির্ণয়কারী কর্মকর্তার নিকট দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হলো। এক্ষেত্রে সংশ্লিষ্ট কোন কর্মকর্তা/কর্মচারীর অবহেলা বা গাফিলতি পরিলক্ষিত হলে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ অনুসারে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৩। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-

আব্দুল মান্নান শিকদার


কমিশনার

ফোন-৮৯০১৫৭৭

নথি নং-২(৭)-৪-ইটি/১/২০১১/অংশ-১/২০১৫/  তারিখ- ০২/০৭/২০১৮ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :-

- ১। ডেপুটি/সহকারী কমিশনার, অপারেশন ম্যানেজার-১/২/শুন্সায়ন গ্রুপ-১/১এ/ ২/ ২এ/৩/৩(এ) /৪/৪(এ)/৫/প্রিভেন্টিভ/কুরিয়ার শুন্সায়ন IM-7 / কুরিয়ার শুন্সায়ন M-4(গ্রুপ-১/২/৩/এয়ারফ্রেইট ইউনিট/কুরিয়ার ইউনিট/রঞ্জনী পরীক্ষা/ রঞ্জনী শুন্সায়ন/বিচার শাখা/আইন শাখা/নিলাম শাখা/সদর দপ্তর/পোস্ট ক্লিয়ারেন্স অডিট শাখা/বিমানবন্দর শিফট-এ/বি/সি, কাস্টম হাউস, ঢাকা।
  - ২। সহকারী প্রোগ্রামার, কাস্টম হাউস, ঢাকা। তাঁকে এ আদেশটি কাস্টম হাউস, ঢাকার ওয়েবসাইটে এবং এ দপ্তরের কর্মকর্তাগণের গ্রুপ মেইলে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
  - ৩। রাজস্ব কর্মকর্তা (সকল) এয়ার ফ্রেইট ইউনিট/এয়ারপোর্ট/কুরিয়ার ইউনিট, শুন্সায়ন টীম-১/২/৩/৩(এ)৪ /৪(এ) /৫/রঞ্জনী শুন্সায়ন/রঞ্জনী পরিক্ষা/ এ/বি/সি শিফট, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, কাস্টম হাউস, ঢাকা।
  - ৪। সহকারী রাজস্ব কর্মকর্তা (সকল) এয়ার ফ্রেইট ইউনিট/এয়ারপোর্ট/কুরিয়ার ইউনিট, শুন্সায়ন টীম-১/২/৩/৩(এ)৪/ ৪(এ)/৫/রঞ্জনী শুন্সায়ন/রঞ্জনী পরিক্ষা/হ্যাংগার গেইট/এ/বি/সি শিফট, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, কাস্টম হাউস, ঢাকা।
- সদয় অবগতির জন্য :
- ৫। অতিরিক্ত কমিশনার-১/২, কাস্টম হাউস, ঢাকা।
  - ৬। যুগ্ম কমিশনার, কাস্টম হাউস, ঢাকা।
  - ৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট ও ইডিপি ম্যানেজার/সহকারী প্রোগ্রামার, কাস্টম হাউস, ঢাকা।
  - ৮। পিএ টু কমিশনার, কাস্টম হাউস, ঢাকা (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।

  
আকতার হোসেন  
ডেপুটি কমিশনার